গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সেটেলমেন্ট অফিসারের কার্যালয়
দিয়ারা অপারেশন, ঢাকা
২৮, শহীদ তাজ উদ্দিন আহম্মেদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.diara.gov.bd

"ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল"

স্মারক নং- ৩১.০৩.২৬৯২.০২১.১১.০১১.২৩/ তারিখঃ /০৭/২০২৩ খ্রি.

- ঃ আদেশ ঃ -

ভূমি মন্ত্রণালয়ের ০৯/০২/২০২০ খ্রিঃ তারিখের ৩১. ০০. ০০০০. ০৩৬. ৬৮. ০৭৬.১৭-৪৬ নং স্মারক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ১৩/০২/২০২০ খ্রিঃ তারিখের ৩১. ০৩. ০০০০. ২০২. ১৯. ০২৩. ১৯-১০৪ নং স্মারকের নির্দেশনার এবং ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ১০/০২/১৬ তারিখের ৩১. ০৩. ২৬৯২. ০০৩. ০১. ০০১. ১৬ -১৮২ নং স্মারকে জারীকৃত পরিপত্র মোতাবেক চার্জ অফিসার, দিয়ারা অপারেশন, চট্টগ্রাম এর ২৬/০৬/২০২৩ খ্রি. তারিখের ৩১.০৩. ২০১৫. ০২১. ০৬. ০১৭. ২৩. ৪৮ নং স্মারকের চাহিদাপত্রের আলোকে নিম্নবর্ণিত মৌজার ডিজিটাল পদ্ধতিতে জরিপের নিমিত্তে ০২ নং কলামে বর্ণিত কর্মকর্তাকে খানাপুরী-বুঝারত কাজ সম্পন্ন করার জন্য " হল্কা অফিসার/তদারককারী কর্মকর্তা" হিসেবে এবং ০৩ নং কলামে বর্ণিত সার্ভেয়ারগণকে (সেটসহ) "খানাপুরী-বুঝারত" স্তরের কাজ সম্পন্ন করার জন্য সার্ভেয়ার হিসেবে নিয়োগ করা হলো।

ক্র: নং	কর্মকর্তার নাম, পদবী ও বর্তমান কর্মস্থল	কর্মচারী/সার্ভেয়ারের নাম, পদবী ও বর্তমান কর্মস্থল		নিয়োগকৃত কর্মস্থল	উপজেলা ও জেলা	মৌজার নাম ও নং	শীট নম্বর
০১	০২	০৩		০৪	০৫	০৬	০৭
১।	জনাব প্রজ্ঞা রঞ্জন চাকমা, কানুনগো/উপ-সহ: সেটেলমেন্ট অফিসার, দিয়ারা অপারেশন, চট্টগ্রাম	১।	জনাব মো: মাশিকুর রহমান, সার্ভেয়ার, দিয়ারা অপারেশন, চট্টগ্রাম	দিয়ারা অপারেশন, চট্টগ্রাম	চাঁদপুর সদর, চাঁদপুর	চালিতাতলী-২০৪	০১
		২।	জনাব মো: আকবর হোসেন, সার্ভেয়ার, দিয়ারা অপারেশন, চট্টগ্রাম	দিয়ারা অপারেশন, চট্টগ্রাম	চাঁদপুর সদর, চাঁদপুর	চালিতাতলী-২০৪	০২
২।	জনাব মো: আব্দুল জলিল, কানুনগো/সাব-এএসও, দিয়ারা অপারেশন, চট্টগ্রাম	৩।	জনাব মোঃ নুরুল ইসলাম লিটন, সার্ভেয়ার, দিয়ারা অপারেশন, চট্টগ্রাম	দিয়ারা অপারেশন, চট্টগ্রাম	চাঁদপুর সদর, চাঁদপুর	হিন্দুলী-১৪০	০১
		৪।	জনাব মো: হাসিবুল ইসলাম, সার্ভেয়ার, দিয়ারা অপারেশন, চট্টগ্রাম	দিয়ারা অপারেশন, চট্টগ্রাম	চাঁদপুর সদর, চাঁদপুর	হিন্দুলী-১৪০	০২

০২। নাটোর জেলার লালপুর উপজেলার ২টি মৌজা, সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলার ০২ টি মৌজা, চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার ০১টি মৌজা মাঠ জরিপ কাজ আরম্ভ করার উদ্দেশ্যে গণসংযোগকরণ এবং ০৩ টি মৌজার খতিয়ান চেকিং কাজ সম্পন্ন দিয়ারা অপারেশন, রাজশাহী অফিসের কোন সার্ভেয়ার না থাকায় কমপক্ষে ০২ (দুই) জন সার্ভেয়ার নিয়োগের জন্য চার্জ অফিসার, দিয়ারা অপারেশন, রাজশাহী এর মৌখিক চাহিদাপত্রের প্রেক্ষিতে দিয়ারা অপারেশন, চট্টগ্রাম কর্মরত সার্ভেয়ার জনাব মো: নজরুল ইসলাম ও জনাব মো: জহুরুল ইসলামকে দিয়ারা অপারেশন, রাজশাহী অফিসে পুনবহাল করা হলো বা সংযুক্তিতে নিয়োগ/বদলী করা হলো।

০৩। জনাব মো: আতিয়ার রহমান, সহকারী সেটেলমেন্ট অফিসার (চলতি দায়িত্ব), দিয়ারা অপারেশন, রাজশাহী অফিসে ২ নং অনুচ্ছেদে নিয়োগকৃত ২ জন সার্ভেয়ারের কাজ তদারকি করবেন এবং জনাব উৎপলেন্দু ত্রিপুরা, চার্জ অফিসার (ভারপ্রাপ্ত), দিয়ারা অপারেশন, চট্টগ্রাম উপরে বর্ণিত কর্মকর্তা/কর্মচারীগণের (হল্কা অফিসার/ সার্ভেয়ার) কাজের সার্বিক তদারকির কাজ/সার্কেল অফিসার এর দায়িত্ব পালন করবেন। তারা নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারীগণের কাজের স্বচ্ছতা, শুদ্ধতা এবং প্রমাপ অর্জনের বিষয়টি নিশ্চিত করবেন।

০৪। কারিগরী উপদেষ্টা চলমান ডিজিটাল জরিপে ডিজিটাল জিআই-২০১৩ মোতাবেক কার্যসম্পাদন করবেন।

০৫। ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ১২/০২/২০১৯ তারিখের ৩১. ০৩. ২৬৯২. ০০৩. ০১. ০০২. ১৬- ১৪৯/(২১) নং স্মারকের নির্দের্শনা মোতাবেক মৌজার ডিজিটাল জরিপ কাজ আরম্ভ করণের উদ্দেশ্যে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাইকিংসহ জনপ্রতিনিধি, উপজেলা প্রশাসন, সরকারী কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে মৌজা, ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে গণসংযোগ করার জন্য বলা হলো।

০৬। সরকারী সম্পত্তি যথাযথভাবে রেকর্ড প্রদান করত: ১ নং ভলিউমে নামের সিলসহ প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

০৭। আদেশ মোতাবেক বর্ণিত মৌজার 'ক' নথি আবশ্যিকভাবে হালনাগাদ করতে হবে।

০৮। পরিচালক (ভূমি রেকর্ড) মহোদয় কর্তৃক বিগত ১৬/৬/২০২১ খ্রি. তারিখে দিয়ারা অপারেশন, ঢাকা অফিসে পরিদর্শন পূর্বক পরিদর্শনের নির্দেশ মোতাবেক নিম্নবর্ণিত যথাযথভাবে প্রতিপালনের নির্দেশ দেয়া হলো।

(ক) ডিজিটাল জরিপের মৌজার খতিয়ান খোলার সময় বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের নাম খতিয়ানে নির্ভুলভাবে লিপিবদ্ধ করতে হবে। ভূমি মালিকের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র দৃষ্টে সঠিকভাবে নাম লিখতে হবে। এছাড়া ভূমি মালিকগণের মোবাইল নম্বর অথবা ই-মেইল নম্বর থাকলে খতিয়ানে লিপিবদ্ধ করতে হবে। ক্যাম্পে কর্মরত সার্ভেয়ার প্রস্তুতকৃত বুঝারত খতিয়ান সরাসরি ভূমি মালিককে সরবরাহ করবেন।

(খ) ডিজিটাল জরিপে খানাপুরী, বুঝারত ও তসদিক কাজ একত্রে সম্পন্ন করা যাবে না। ''ডিজিটাল ভূমি নকশা ও রেকর্ড প্রস্তুত বিষয়ে সাধারণ নির্দেশাবলী (জিআই)'' এর ৪.৫ ও ৪.৬ নং অনুচ্ছেদের নির্দেশ মোতাবেক ''খানাপুরী-বুঝারত'' স্তরের কাজ সম্পন্ন করতে হবে।

(গ) অনলাইন খতিয়ান প্রসেসিং সফটওয়্যার এর মাধ্যমে ডিজিটাল জরিপে প্রতিটি স্তরের কাজ যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ঘ) ভূমি মন্ত্রণালয়ের ১৮/১১/২০২০ খ্রি. তারিখের ৩১. ০০. ০০০০. ০৩৬. ৬৮. ০৭৬. ১৭- ২৯০ নং স্মারকের নির্দেশনা মোতাবেক ডিজিটাল জরিপের নামকরণ বি. ডি. এস-১, বি. ডি. এস-২, বি. ডি. এস-৩ ইত্যাদি নামে অভিহিত করতে হবে।

০৯। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-

(খান মো: নাজমুস শোয়েব)
(উপসচিব)
সেটেলমেন্ট অফিসার
দিয়ারা অপারেশন, ঢাকা।
ফোন: ০২-৮১৭০০৬৮
e-mail : diaradhaka @gmail.com

স্মারক নং- ৩১.০৩.২৬৯২.০২১.১১.০১১.২৩/ - ৮২৭

তারিখ: ৩০/০৭/২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/:

০১। মহাপরিচালক (গ্রেড-১), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
০২। জেলা প্রশাসক, চাঁদপুর
০৩। উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর, চাঁদপুর
০৪। সহকারী কমিশনার (ভূমি), চাঁদপুর সদর, চাঁদপুর
০৫। চিফ একাউন্টস এন্ড ফিনান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিনান্স অফিসারের কার্যালয়, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।
০৬। চার্জ অফিসার, দিয়ারা অপারেশন, বরিশাল/রাজশাহী/চট্টগ্রাম
০৭। সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, ...
০৮। কারিগরী উপদেষ্টা, দিয়ারা অপারেশন, ঢাকা।
০৯। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,. . . . . .
১০। ক্যাম্প অফিসার, দিয়ারা অপারেশন ক্যাম্প, নরসিংদী
১১। জনাব. . . . .
১২। জনাব মোঃ আমিনুল ইসলাম চৌধুরী, ভারপ্রাপ্ত সিএ, দিয়ারা অপারেশন, ঢাকা-ইমেইলে/ওয়েবসাইটে প্রকাশের জন্য
১৩। অফিস কপি।

৩০.০৭.২৩

সেটেলমেন্ট অফিসার
দিয়ারা অপারেশন, ঢাকা

D:\Order\Order of Field Officer.docx